# ইসলামিক ফাউন্ডেশন

[প্রতিষ্ঠাতা: জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান]

**ধর্ম বিষয়ক মন্ত্রণালয়**

আগারগাঁও, শেরে বাংলানগর, ঢাকা ১২০৭

## স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ৪৫তম শাহাদাতবার্ষিকী ও জাতীয় শোক দিবস ২০২০ পালন উপলক্ষে কর্মসূচি চূড়ান্তকরণ সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব আনিস মাহমুদ
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
ইসলামিক ফাউন্ডেশন

তারিখ ও সময় : ২০ জুলাই ২০২০ সকাল ১০:০০টা।

স্থান : ইসলামিক ফাউন্ডেশন সভাকক্ষ (২য় তলা), আগারগাঁও, শেরে বাংলানগর, ঢাকা ১২০৭।

সভায় উপস্থিত ও সংযুক্ত কর্মকর্তাদের তালিকা- পরিশিষ্ট 'ক' তে সংযুক্ত হল।

সভার সভাপতি, প্রধান কার্যালয়ের পরিচালক ও প্রকল্প পরিচালকবৃন্দ ইসলামিক ফাউন্ডেশনের প্রধান কার্যালয়ের সভাকক্ষে উপস্থিত হন এবং বিভাগীয় পরিচালকগণ জুম অ্যাপস্ এর মাধ্যমে সভায় সংযুক্ত ছিলেন। পবিত্র কুরআন তিলাওয়াতের মাধ্যমে সভার কার্যক্রম শুরু হয়। সভাপতি সভাকে জানান, স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ৪৫তম শাহাদাত বার্ষিকী জাতীয় শোক দিবস ২০২০ যথাযোগ্য মর্যাদায় পালনের লক্ষ্যে ইসলামিক ফাউন্ডেশনের উদ্যোগে বিভিন্ন কর্মসূচি গ্রহণ করা হবে। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ইসলামিক ফাউন্ডেশনের প্রতিষ্ঠাতা, তাই জাতির পিতার শাহাদাত বার্ষিকী সর্বোচ্চ মর্যাদা ও গুরুত্বের সাথে পালন করা হবে।

২। সভাপতি আরো উল্লেখ করেন যে, গত ১৬.০৭.২০২০ তারিখে মন্ত্রিপরিষদ সচিব মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত জাতীয় শোক দিবস ২০২০ পালন উপলক্ষ্যে কর্মসূচি চূড়ান্তকরণ সংক্রান্ত আন্তঃমন্ত্রণালয় সভায় বিরাজমান কোভিড-১৯ প্রাদুর্ভাব পরিস্থিতিতে সংক্রমণ প্রতিরোধকল্পে জনসমাগম যথাসম্ভব পরিহার/সীমিত রেখে শোক দিবস ২০২০ পালন উপলক্ষ্যে কর্মসূচি গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়েছে। উক্ত সিদ্ধান্তের ধারাবাহিকতায় ইসলামিক ফাউন্ডেশন কর্তৃক জনসমাগম পরিহার করে অনলাইনে বা সীমিত উপস্থিতিতে যথাযথভাবে স্বাস্থ্যবিধি ও সামাজিক দূরত্ব বজায় রেখে কর্মসূচি গ্রহণের উপর গুরুত্বারোপ করা হয়।

৩। অতঃপর সভায় বিভিন্ন বিষয়ে নিম্নরূপভাবে বিস্তারিত কর্মসূচি গ্রহণ ও সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

| ক্রম | কর্মসূচির শিরোনাম | কর্মসূচি | সিদ্ধান্তসমূহ | বাস্তবায়নের দায়িত্ব |
|---|---|---|---|---|
| ০১ | জাতীয় পতাকা অর্ধনমিত রাখা | ১৫ আগস্ট ২০২০ শনিবার সূর্যোদয় থেকে সূর্যাস্ত পর্যন্ত ইসলামিক ফাউন্ডেশনের আগারগাঁওস্থ প্রধান কার্যালয়, বায়তুল মুকাররম কার্যালয়, সকল বিভাগীয়/জেলা কার্যালয়, ইমাম প্রশিক্ষণ একাডেমী, উপজেলা কার্যালয়, ইসলামিক মিশন, ইসলামিক মিশনের মক্তব ও ইবতেদায়ী মাদ্রাসাসমূহ এবং মসজিদভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম প্রকল্পের মডেল রিসোর্স সেন্টার, সাধারণ রিসোর্স সেন্টার ও গণশিক্ষা ও সহজ কোরআন শিক্ষা কেন্দ্রে জাতীয় পতাকা অর্ধনমিত রাখা হবে। | যথাসময়ে যথাযথভাবে জাতীয় পতাকা অর্ধনমিত রাখা নিশ্চিত করার জন্য সংশ্লিষ্ট সকলকে সত্বর নির্দেশ প্রদান করতে হবে। | ১) প্রকল্প পরিচালক, মসজিদভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম প্রকল্প<br>২) সচিব, ইসলামিক ফাউন্ডেশন<br>৩) পরিচালক, সমন্বয় বিভাগ |

| | | | | |
|---|---|---|---|---|
| ০২ | জাতির পিতার প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ | (ক) উপযুক্ত কর্তৃপক্ষের অনুমতি সাপেক্ষে ১৫ আগস্ট ২০২০ সকাল ৮ টায় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান স্মৃতি জাদুঘরে (৩২ নং ধানমন্ডি) মহাপরিচালকের নেতৃত্বে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করা হবে।<br>(খ) বিভাগ/ জেলা/ উপজেলা প্রশাসন কর্তৃক গৃহীত কর্মসূচি অনুযায়ী ইসলামিক ফাউন্ডেশনের বিভাগীয় কার্যালয়ের পরিচালক, জেলা কার্যালয়ের উপ-পরিচালকগণ এবং উপজেলায় নিয়োজিত ফিল্ড সুপারভাইজারের নেতৃত্বে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করা হবে। | (ক) বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘর কর্তৃপক্ষের সাথে যথাসময়ে যোগাযোগ করে পুষ্পস্তবক অর্পণের অনুমতি গ্রহণ ও সময়সূচি নির্ধারণসহ কর্মসূচি বাস্তবায়নের উদ্যোগ নিতে হবে।<br>(খ) বিভাগ/জেলা/উপজেলা পর্যায়ে কর্মসূচি বাস্তবায়নের জন্য জরুরি নির্দেশ প্রদান করতে হবে। | ১) প্রকল্প পরিচালক, মসজিদভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম প্রকল্প<br>২) পরিচালক, সমন্বয় বিভাগ |
| ০৩ | বনানী কবরস্থানে কোরআন খতম ও দোয়া মাহফিল | ১৫ আগস্ট সকাল ৮-০০ টায় বনানী কবরস্থানে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও তাঁর পরিবারের শহীদ সদস্যবৃন্দসহ ১৫ আগস্ট ১৯৭৫ তারিখের সকল শহীদের রূহের মাগফিরাত কামনায় কোরআন খতম ও দোয়া মাহফিল আয়োজন করা হবে। | ঢাকা উত্তর সিটি করপোরেশন এবং ঢাকা মেট্রোপলিটন পুলিশের সাথে যোগাযোগ করে স্বাস্থ্যবিধি ও সামাজিক দূরত্ব বজায় রেখে কোরআন খতম ও দোয়া মাহফিল আয়োজন করতে হবে। | পরিচালক, ঢাকা বিভাগীয় কার্যালয় |
| ০৪ | বায়তুল মুকাররম জাতীয় মসজিদসহ গুরুত্বপূর্ণ মসজিদসমূহে কোরখান খতম ও দোয়া মাহফিল | ১৫ আগস্ট সকাল ১১-০০ টায় বায়তুল মুকাররম জাতীয় মসজিদে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও তাঁর পরিবারের শহীদ সদস্যবৃন্দসহ ১৫ আগস্ট ১৯৭৫ তারিখের সকল শহীদের রূহের মাগফিরাত কামনা করে কোরআন খতম ও দোয়া মাহফিল আয়োজন করা হবে। | স্বাস্থ্যবিধি ও সামাজিক দূরত্ব বজায় রেখে কোরআন খতম ও দোয়া মাহফিল আয়োজন করতে হবে। | (১) পরিচালক দীনী দাওয়াত ও সংস্কৃতি বিভাগ,<br>(২) সিনিয়র পেশ ইমাম, বায়তুল মুকাররম জাতীয় মসজিদ |
| | | ১৫ আগস্ট সুবিধাজনক সময়ে চট্টগ্রাম আন্দরকিল্লা শাহী জামে মসজিদ, জমিয়তুল ফালাহ জামে মসজিদ ও রাজশাহীর হেতেম খাঁ মসজিদে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও তাঁর পরিবারের শহীদ সদস্যবৃন্দসহ ১৫ আগস্ট ১৯৭৫ তারিখের সকল শহীদের রূহের মাগফিরাত কামনা করে কোরআন খতম ও দোয়া মাহফিল আয়োজন করা হবে। | স্বাস্থ্যবিধি ও সামাজিক দূরত্ব বজায় রেখে কোরআন খতম ও দোয়া মাহফিল আয়োজন করতে হবে। | ১) পরিচালক, চট্টগ্রাম/ রাজশাহী বিভাগীয় কার্যালয়,<br>২) প্রকল্প পরিচালক, জমিয়তুল ফালাহ জামে মসজিদ |
| ০৫ | দেশের সকল মসজিদে দোয়ার আয়োজন | জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও তাঁর পরিবারের শহীদ সদস্যবৃন্দসহ ১৫ আগস্ট ১৯৭৫ তারিখের সকল শহীদের রূহের মাগফিরাত কামনা করে ১৪ আগস্ট শুক্রবার বাদ জুমা এবং ১৫ আগস্ট শনিবার বাদ যোহর দেশের সকল মসজিদে বিশেষ দোয়ার আয়োজনের ব্যবস্থা করতে হবে। | সকল মসজিদে দোয়া আয়োজন নিশ্চিত করার জন্য ফিল্ড সুপারভাইজার, কেয়ারটেকার ও কেন্দ্র শিক্ষকগণকে যথাযথ নির্দেশ প্রদান করতে হবে। | ১) প্রকল্প পরিচালক, মসজিদভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম প্রকল্প<br>২) পরিচালক,সমন্বয় বিভাগ |

| | | | | |
|---|---|---|---|---|
| ০৬ | টুঙ্গিপাড়ায় জাতির পিতার মাজারে কোরআন খতম ও দোয়া মাহফিল | জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও তাঁর পরিবারের শহীদ সদস্যবৃন্দসহ ১৫ আগস্ট ১৯৭৫ তারিখের সকল শহীদের রূহের মাগফিরাত কামনা করে গোপালগঞ্জের টুঙ্গিপাড়ায় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের মাজারে খতমে কোরআন ও দোয়া মাহফিল আয়োজন করা হবে। | জেলা প্রশাসক, গোপালগঞ্জ এর সাথে আলোচনাক্রমে তারিখ ও সময় নির্ধারণ করতে হবে এবং স্বাস্থ্যবিধি ও সামাজিক দূরত্ব মেনে খতমে কোরআন ও দোয়া মাহফিল আয়োজন করতে হবে। | ১) পরিচালক,ঢাকা বিভাগীয় কার্যালয়<br>২) উপ-পরিচালক, গোপালগঞ্জ জেলা কার্যালয় |
| ০৭ | বিভাগীয়, জেলা ও উপজেলা কার্যালয়, ইমাম প্রশিক্ষণ একাডেমী ও ইসলামিক মিশনসমূহে কোরআন খতম ও দোয়া মাহফিল | জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও তাঁর পরিবারের শহীদ সদস্যবৃন্দসহ ১৫ আগস্ট ১৯৭৫ তারিখের সকল শহীদের রূহের মাগফিরাত কামনা করে ১৬/১৭ আগস্ট তারিখে ৫০টি ইসলামিক মিশন ও ৫০৫টি উপজেলা কার্যালয়ে এবং ১৮ আগস্ট তারিখে ৬৪ বিভাগীয়/জেলা কার্যালয় ও ৭টি ইমাম প্রশিক্ষণ একাডেমীতে কোরআন খতম ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হবে। | স্বাস্থ্যবিধি ও সামাজিক দূরত্ব বজায় রেখে কোরআন খতম ও দোয়া মাহফিল আয়োজন করতে সংশ্লিষ্ট সকলকে যথাযথ নির্দেশ প্রদান করতে হবে। | ১) প্রকল্প পরিচালক, মসজিদভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম প্রকল্প<br>২) পরিচালক,সমন্বয় বিভাগ<br>৩) পরিচালক, ইসলামিক মিশন<br>৪) পরিচালক, ইমাম প্রশিক্ষণ একাডেমী |
| ০৮ | মডেল মসজিদ নির্মাণস্থলে বিশেষ দোয়া মাহফিল | জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও তাঁর পরিবারের শহীদ সদস্যবৃন্দসহ ১৫ আগস্ট ১৯৭৫ তারিখের সকল শহীদের রূহের মাগফিরাত কামনা করে ১৫ আগস্ট সকালে যে সব মডেল মসজিদ নির্মাণস্থলে স্থাপনা বিদ্যমান রয়েছে সেসব স্থানে বিশেষ দোয়া মাহফিল আয়োজন করা হবে। | স্বাস্থ্যবিধি ও সামাজিক দূরত্ব বজায় রেখে দোয়া মাহফিল আয়োজন করতে সংশ্লিষ্ট সকলকে যথাযথ নির্দেশ প্রদান করতে হবে। | প্রকল্প পরিচালক, প্রতিটি জেলা ও উপজেলায় ১টি করে ৫৬০টি মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্র স্থাপন প্রকল্প |
| ০৯ | মসজিদ পাঠাগার প্রকল্পের উদ্যোগে বিশেষ দোয়া মাহফিল | জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও তাঁর পরিবারের শহীদ সদস্যবৃন্দসহ ১৫ আগস্ট ১৯৭৫ তারিখের সকল শহীদের রূহের মাগফিরাত কামনায় মসজিদ পাঠাগার রয়েছে এমন মসজিদগুলোতে বিশেষ দোয়া মাহফিল আয়োজন করা হবে। | স্বাস্থ্যবিধি ও সামাজিক দূরত্ব বজায় রেখে দোয়া মাহফিল আয়োজন করতে সংশ্লিষ্ট সকলকে যথাযথ নির্দেশ প্রদান করতে হবে। | প্রকল্প পরিচালক, মসজিদ পাঠাগার স্থাপন প্রকল্প |
| ১০ | 'জাতির পিতা বঙ্গবন্ধুর জীবন ও কর্ম' শীর্ষক আলোচনা সভা (জুম এ্যাপস এর মাধ্যমে) | বিরাজমান করোনা ভাইরাস পরিস্থিতিতে ধর্মীয়, সামাজিক ও রাজনৈতিক সমাবেশ নিষিদ্ধ করা হয়েছে। ফাউন্ডেশনের প্রধান কার্যালয়, বিভাগীয় ও জেলা কার্যালয়সমূহ, ইমাম প্রশিক্ষণ একাডেমীসমূহ এবং ইসলামিক মিশনসমূহের কর্মকর্তাদের অংশগ্রহণে জুম এপস্ এর মাধ্যমে ১৯ আগস্ট ২০২০ বুধবার সকাল ১১.০০ টায় 'জাতির পিতা বঙ্গবন্ধুর জীবন ও কর্ম' শিরোনামে আলোচনা সভা অনুষ্ঠিত হবে। | আলোচনা সভা আয়োজনের জন্য নিম্নরূপ উপকমিটি গঠন করা হয়ঃ<br>(ক) সচিব, ইসলামিক ফাউন্ডেশন — আহ্বায়ক<br>(খ) পরিচালক, সমন্বয় বিভাগ — সদস্য<br>(গ) পরিচালক, আইসিটি বিভাগ — সদস্য<br>(ঘ) ড. মুশতাক আহমদ, উপপরিচালক — সদস্য<br>(ঙ)জনাব মোঃ আবু বকর সিদ্দিক, উপপরিচালক — সদস্য | (ক) সচিব, ইসলামিক ফাউন্ডেশন<br>(খ)পরিচালক, আইসিটি বিভাগ |

| | | | | |
|---|---|---|---|---|
| ১২ | 'ইসলাম ও বঙ্গবন্ধু' শিরোনামে আলোচনা অনুষ্ঠান | বিগত বছরগুলোর ধারাবাহিকতায় শোকাবহ আগস্ট উপলক্ষে ইসলামিক ফাউন্ডেশনের নিজস্ব স্টুডিওতে সরাসরি ও জুম এ্যাপস এর মাধ্যমে ধারণকৃত জাতির পিতার জীবন ও কর্মের ওপর নির্মিত 'ইসলাম ও বঙ্গবন্ধু' শিরোনামে দেশের বরেণ্য আলেম-ওলামা, শিক্ষাবিদ, বিশিষ্ট ব্যক্তিগণের অংশগ্রহণে ১৫ দিন ব্যাপী আলোচনা অনুষ্ঠান বাংলাদেশ টেলিভিশনে সম্প্রচার করা হবে। | টেলিভিশন আলোচনার প্রস্তুতি গ্রহণ, যোগাযোগ, অনুষ্ঠান ধারণ ও সম্প্রচার নিশ্চিত করার জন্য নিম্নরূপ উপ কমিটি গঠন করা হয়ঃ<br>(ক) পরিচালক, সমন্বয় বিভাগ — আহ্বায়ক<br>(খ) পরিচালক, আইসিটি বিভাগ — সদস্য-সচিব<br>(গ) ড. মুশতাক আহমদ, উপপরিচালক — সদস্য<br>(ঘ) জনাব আনোয়ার কবির, সম্পাদক — সদস্য<br>(ঙ) জনাব মুহাম্মদ নিজাম উদ্দিন, উপ পরিচালক — সদস্য<br>(চ) জনাব মোঃ সাইফুল ইসলাম, সহকারী পরিচালক — সদস্য<br>(ছ) জনাব শায়লা শারমিন, সহকারী জনসংযোগ কর্মকর্তা — সদস্য<br>(জ) জনাব ফখরুল আশিকী, সহকারী পরিচালক — সদস্য | (ক) পরিচালক, সমন্বয় বিভাগ<br>(খ) পরিচালক, আইসিটি বিভাগ |
| ১৩ | ১৫ আগস্ট উপলক্ষে বিশেষ ক্রোড়পত্র প্রকাশ | জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ৪৫তম শাহাদাতবার্ষিকী উপলক্ষে জাতীয় দৈনিক পত্রিকায় বিশেষ ক্রোড়পত্র প্রকাশ করা হবে। | বিশেষ ক্রোড়পত্র প্রকাশের বিষয়ে নিম্নলিখিত কমিটি গঠন করা হয়ঃ<br>(ক) পরিচালক, সমন্বয় বিভাগ — আহ্বায়ক<br>(খ) সম্পাদক, মাসিক অগ্রপথিক — সদস্য<br>(গ) উপ-পরিচালক, সমন্বয় বিভাগ — সদস্য<br>(ঘ) সহকারী সম্পাদক, প্রকাশনা বিভাগ — সদস্য<br>(ঙ)সহকারী জনসংযোগ কর্মকর্তা — সদস্য-সচিব | সংশ্লিষ্ট কমিটি |
| ১৪ | ফ্রি চিকিৎসা সেবা প্রদান | ইসলামিক মিশনের মাঠ পর্যায়ের সকল কেন্দ্র, আগারগাঁও প্রধান কার্যালয় এবং বায়তুল মুকাররম ডায়াগনস্টিক সেন্টারে ১৫ আগস্ট ২০২০ তারিখে দিনব্যাপি ফ্রি চিকিৎসা সেবা প্রদান করা হবে। | কর্মসূচি সফল করতে প্রয়োজনীয় প্রস্তুতি গ্রহণ এবং সকলকে যথাযথভাবে নির্দেশ প্রদান করতে হবে | পরিচালক ইসলামিক মিশন |
| ১৫ | ইসলামি সাংস্কৃতিক প্রতিযোগিতা | বিরাজমান করোনা ভাইরাস পরিস্থিতিতে ধর্মীয়, সামাজিক ও রাজনৈতিক সমাবেশ নিষিদ্ধ করা হয়েছে।<br>অনলাইনে জুম এপস্ এর মাধ্যমে ইসলামি সাংস্কৃতিক প্রতিযোগিতার ৪টি বিষয়: ক্বিরআত, হামদ-না'ত, বঙ্গবন্ধুর ৭ই মার্চের ভাষণ ও উপস্থিত বক্তৃতা নিয়ে প্রতিযোগিতা আয়োজন করা হবে। | (ক) জাতীয় দৈনিক সংবাদপত্রে বিজ্ঞপ্তি প্রকাশ করে প্রতিযোগীদের অনলাইন/ই-মেইলে রেজিস্ট্রেশন করা হবে।<br>(খ) ৮টি বিভাগের প্রতিযোগীদের নিয়ে ৮দিন প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে।<br>(গ) বিভাগীয় প্রতিযোগিতায় প্রথম স্থান অধিকারীদের নিয়ে কেন্দ্রীয় প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে। | সংশ্লিষ্ট কমিটি |

| | | | | |
|---|---|---|---|---|
| | | | (ঘ) বিচারকগণ ঢাকা প্রধান কার্যালয়ে বিচারকার্য সম্পন্ন করবেন।<br>(ঙ) বিভাগ/জেলা পর্যায়ের কর্মকর্তাবৃন্দ অনুষ্ঠানে সংযুক্ত থাকবেন।<br>(চ) নিম্নলিখিত কমিটি কর্তৃক প্রতিযোগিতা আয়োজনের প্রস্তুতি ও বাস্তবায়ন সম্পন্ন করা হবে।<br>(১) প্রকল্প পরিচালক, মসজিদভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম প্রকল্প — আহ্বায়ক<br>(২) পরিচালক (অর্থ) — সদস্য<br>(৩) পরিচালক (পরিকল্পনা) — সদস্য<br>(৪) পরিচালক (সমন্বয়) — সদস্য<br>(৫) পরিচালক, অডিট — সদস্য<br>(৬) পরিচালক, ইমাম প্রশিক্ষণ একাডেমী — সদস্য<br>(৭) পরিচালক, দীনী দাওয়াত ও সংস্কৃতি — সদস্য<br>(৮) পরিচালক, আইসিটি — সদস্য-সচিব<br>(৯) উপসচিব — সদস্য<br>(১০)উপ-প্রকল্প পরিচালক (কার্যক্রম), মসজিদভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম প্রকল্প — সদস্য<br>(১১) সহকারী জনসংযোগ কর্মকর্তা — সদস্য | |
| ১৬ | বঙ্গবন্ধুর জীবনীগ্রন্থ পুরস্কার হিসেবে প্রদান | বঙ্গবন্ধুর অসমাপ্ত আত্মজীবনী, কারাগারের রোজনামচা, সিক্রেট ডকুমেন্ট অব ইন্টেলিজেন্স ব্রাঞ্চ অন ফাদার অব দি নেশন বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও বাংলাদেশ শিশু একাডেমী কর্তৃক শিশুদের জীবনীভিত্তিক ২৬টি গ্রন্থ ইসলামি সাংস্কৃতিক প্রতিযোগিতায় পুরস্কার ও ইমাম প্রশিক্ষণ কার্যক্রমের বিভিন্ন অনুষ্ঠানে পুরস্কার হিসেবে প্রদানের নির্দেশনা প্রদান করা হবে। | এ বিষয়ে জরুরী ভিত্তিতে সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা প্রদান করতে হবে। | সচিব, ইসলামিক ফাউন্ডেশন |
| ১৭ | কর্মসূচি সম্পর্কিত বিজ্ঞপ্তি জাতীয় পত্রিকায় প্রকাশ | জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ৪৫তম শাহাদাতবার্ষিকী ও জাতীয় শোক দিবস ২০২০ পালন উপলক্ষ্যে ইসলামিক ফাউন্ডেশন কর্তৃক গৃহীত অনুষ্ঠান/কার্যক্রম প্রচারের নিমিত্ত জাতীয় দৈনিক পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশ করা যেতে পারে। | জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ৪৫তম শাহাদাত বার্ষিকী ও জাতীয় শোক দিবস ২০২০ পালন উপলক্ষ্যে ইসলামিক ফাউন্ডেশন কর্তৃক গৃহীত অনুষ্ঠান/ কার্যক্রম প্রচারের নিমিত্ত ২টি জাতীয় দৈনিক পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশ করা হবে। | পরিচালক, সমন্বয় বিভাগ |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৮ | অগ্রপথিক ও সবুজপাতার বিশেষ সংখ্যা প্রকাশ | জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ৪৫তম শাহাদাতবার্ষিকী ও জাতীয় শোক দিবস ২০২০ পালন উপলক্ষ্যে ইসলামিক ফাউন্ডেশনের নিয়মিত প্রকাশনা মাসিক অগ্রপথিক ও সবুজপাতা পত্রিকার বিশেষ সংখ্যা প্রকাশ করা হবে। | মাসিক অগ্রপথিক ও সবুজপাতা পত্রিকার বিশেষ সংখ্যা প্রকাশের জন্য দ্রুত উদ্যোগ গ্রহণ করতে হবে। | পরিচালক, প্রকাশনা বিভাগ |
| ১৯ | বঙ্গবন্ধুর জীবনীর ওপর স্মারকগ্রন্থ প্রকাশ | জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মশতবার্ষিকী উপলক্ষে তাঁর জীবন ও কর্ম সম্পর্কিত একটি স্মারক গ্রন্থ প্রকাশ করা যেতে পারে। আগস্ট মাস থেকে স্মারকগ্রন্থের কাজ শুরু করা যেতে পারে। | জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মশতবার্ষিকী উপলক্ষ্যে একটি স্মারক গ্রন্থ প্রকাশ করা হবে। আগস্ট মাস থেকে স্মারকগ্রন্থের কাজ শুরু করতে হবে। নিম্নলিখিত কমিটি দায়িত্ব পালন করবেন:<br>(ক) পরিচালক, সমন্বয় বিভাগ — আহ্বায়ক<br>(খ) উপ পরিচালক, প্রকাশনা বিভাগ — সদস্য<br>(গ) সম্পাদক, প্রকাশনা বিভাগ — সদস্য<br>(ঘ) সম্পাদক, মাসিক অগ্রপথিক — সদস্য<br>(ঙ) সহকারী সম্পাদক, প্রকাশনা বিভাগ — সদস্য | সংশ্লিষ্ট কমিটি |
| ২০ | বঙ্গবন্ধুর জন্মশতবার্ষিকী উপলক্ষে ১০০টি গ্রন্থ প্রকাশ | জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উপলক্ষে ইসলামিক ফাউন্ডেশনের প্রকাশনা বিভাগ থেকে ১০০টি টাইটেলের (শিরোনাম) গ্রন্থ প্রকাশ করা হবে। | ১০০টি টাইটেলের (শিরোনাম) গ্রন্থ ধারাবাহিকভাবে প্রকাশের জন্য জরুরি উদ্যোগ গ্রহণ করতে হবে। | পরিচালক, প্রকাশনা বিভাগ |
| ২১ | বঙ্গবন্ধুর জন্মশতবার্ষিকী উপলক্ষে বৃক্ষরোপণ | জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উপলক্ষে মাননীয় প্রধানমন্ত্রীর ঘোষণা অনুযায়ী এক কোটি বৃক্ষ রোপনের অংশ হিসেবে ফাউন্ডেশনের প্রধান কার্যালয়সহ সকল ইউনিটে বৃক্ষরোপন করতে হবে। | বৃক্ষ রোপনের লক্ষ্যমাত্রা নির্ধারণ করে জরুরী ভিত্তিতে তা বাস্তবায়ন নিশ্চিত করতে হবে। | ১) প্রকল্প পরিচালক, মসজিদভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম প্রকল্প<br>২) সচিব, ইসলামিক ফাউন্ডেশন<br>৩) পরিচালক, সমন্বয় বিভাগ |

৪। জাতীয় শোক দিবস ২০২০ যথাযোগ্য মর্যাদায় উদযাপনে সকলের আন্তরিক ও স্বতঃস্ফূর্ত অংশগ্রহণ ও সহযোগিতা কামনা করে সভায় উপস্থিত/সংযুক্ত সবাইকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

আনিস মাহমুদ
মহাপরিচালক
(অতিরিক্ত সচিব)
ফোন : ৮১৮১৫১৬